

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
ঢাকা
প্রেস বিজ্ঞপ্তি

স্মারক নং-জনসংযোগ/

তারিখ: ০৯/১২/২০১৫ খ্রি:

বিষয় : আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস, ২০১৫ উদযাপন।

“দেশ প্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন” এই প্রতিপাদ্যকে সামনে রেখে আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস উপলক্ষে আজ সকাল সাড়ে নয়টায় দুর্নীতি দমন কমিশনের উদ্যোগে কমিশনের প্রধান কার্যালয় হতে বর্ণাঢ্য র্যালি বের হয়। র্যালিটি কাকরাইল মোড় - বিজয়নগর - তোপখানা রোড হয়ে প্রেসক্লাবের সামনে মানববন্ধন করে। মানববন্ধনে গণমাধ্যমকর্মীদের প্রশ্নের জবাবে কমিশনের চেয়ারম্যান মোঃ বদিউজ্জামান বলেন, প্রতিবছরের ন্যায় এবছরও আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস উদযাপন করছে কমিশন। দেশের সাধারণ মানুষ, গণমাধ্যম, সুশীল সমাজের প্রতিনিধিদের ঐক্যবদ্ধভাবে দুর্নীতি বিরোধী সংগ্রামে शामिल হওয়ার আহবান জানিয়ে বলেন আমরা ঐক্যবদ্ধ হলেই দুর্নীতি দমনে ইঙ্গিত লক্ষ্যে পৌঁছানো যাবে। তিনি বলেন কমিশন সাধারণ মানুষের নিকট যাচ্ছে। তাই তৃণমূল পর্যায়ে দুর্নীতিমুক্ত সেবা প্রদানের নিশ্চিতকল্পে ‘গণশুনানি’ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। পাশাপাশি দুর্নীতির ঘটনা ঘটলে মামলা দায়ের করে অভিযোগ সংশ্লিষ্টদের আদালতে সোপর্দ করা হচ্ছে। কমিশনের সকল কর্মকর্তা-কর্মচারী, দুদকের প্যানেল আইনজীবী, দুদক বিটে কর্মরত সাংবাদিকদের সংগঠন রিপোর্টার্স এগেইনস্ট করাপশন (র্যাক) এর সদস্যগণসহ সর্বস্তরের সাধারণ মানুষ র্যালিতে অংশগ্রহণ করেন।

র্যালি ও মানববন্ধন শেষে বেলা ১১ টায় কমিশনের প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। কমিশনের চেয়ারম্যান মোঃ বদিউজ্জামান এর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে দৈনিক সমকাল পত্রিকার সম্পাদক জনাব গোলাম সারওয়ার বলেন, গণমাধ্যম ‘ওয়াচডগ’ হিসেবে কাজ করে বলেই সমালোচনা বেশি হয় তবে আধুনিক সাংবাদিকতায় উন্নয়ন সাংবাদিকতা (Development Journalism) ভালো কাজের প্রচারের সুযোগ সৃষ্টি করেছে। তিনি বলেন দুদকে প্রতিদিন হাজার হাজার অভিযোগ আসে যা কমিশনের স্বল্প জনবল দিয়ে অনুসন্ধান করা প্রায় অসম্ভব। দুর্নীতি দমন কমিশনে অন্যের চরিত্র হননের জন্যও অনেকে অভিযোগ করেন তাই এক্ষেত্রে সাংবাদিকদের আরও সচেতন হতে হবে।

তিনি আরও বলেন সামাজিক অনাচারের বিরুদ্ধে টিভি মিডিয়া গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। এক্ষেত্রে দুর্নীতি বিরোধী ধারাবাহিক নাটক প্রচারের পরামর্শ দেন। দুর্নীতি দমন কমিশন দুর্নীতির বিরুদ্ধে যে বৃহৎ কর্মযজ্ঞ পরিচালনা করছে তার সাথে সংহতি প্রকাশ করে তিনি বলেন আমরা দুদকের সঙ্গে আছি তবে সফল হতে হলে দুদকের জনবল আরও বাড়াতে হবে।


সভাপতির ভাষণে কমিশনের চেয়ারম্যান মোঃ বদিউজ্জামান বলেন, দেশপ্রেম থাকলে কোনো মানুষের পক্ষেই অনিয়ম বা দুর্নীতি করা সম্ভব নয়। তিনি গণমাধ্যমসহ যারা দুর্নীতি দমন কমিশনকে সমালোচনা করেন তাদের স্বাগত জানিয়ে বলেন সমালোচনা গঠনমূলক হওয়া উচিত। কিছু কিছু ক্ষেত্রে অন্যথা সমালোচনা আমাদেরকে পীড়িত করে। এ প্রসঙ্গে তিনি আরও বলেন সমালোচনার প্রেক্ষিতেই আমরা আমাদের প্রতিটি কাজকে পুনঃমূল্যায়ন করি। দুর্নীতি বিরোধী এ সংগ্রামে দেশের সাধারণ মানুষ, সুশীল সমাজ, গণমাধ্যমসহ সবাইকে ঐক্যবদ্ধভাবে এগিয়ে আসার আহবান জানিয়ে তিনি বলেন দুর্নীতি অচিরেই সহনীয় পর্যায়ে নেমে আসবে।

বিশেষ অতিথির বক্তব্যে কমিশনার মোঃ সাহাবুদ্দিন চুপ্পু বলেন, আমাদের কাছে গরু চুরি, ধান চুরিসহ নানা ধরনের হাস্যকর অভিযোগ আসে। এ সকল অভিযোগ নথিভুক্ত করা ছাড়া আমাদের পক্ষে করার কিছুই নেই। এ প্রসঙ্গে তিনি বলেন অভিযোগ সংশ্লিষ্ট ব্যক্তিদের রাজনৈতিক, সামাজিক, ধর্মীয় বা অন্য কোনো পরিচয়কে কমিশনের নিকট ন্যূনতম গুরুত্ব বহন করেনা। কমিশনের বিচার্য বিষয় হচ্ছে অভিযোগের বস্তুনিষ্ঠতা ও অভিযোগের সাথে সংশ্লিষ্টতা। তিনি আরো বলেন কমিশন সকল প্রকার প্রভাবের উর্ধ্বে থেকে দায়িত্ব পালন করছে। আগামী দিনেও কমিশন এ অবস্থা বাজয় রাখবে।

বিশেষ অতিথির বক্তব্যে কমিশনার ড. নাসিরউদ্দীন আহমেদ বলেন, দুর্নীতিমুক্ত সরকারি সেবা প্রাপ্তি নিশ্চিত করার জন্যই গণশুনানি কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। দুর্নীতি দমন ও প্রতিরোধের কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করার মাধ্যমেই জাতির পিতার ক্ষুধামুক্ত, দারিদ্রমুক্ত সোনার বাংলা গঠন করা সম্ভব।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখন কমিশনের সচিব আবু মো: মোস্তফা কামাল, মহাপরিচালক ড. শামসুল আরেফিন প্রমুখ। অনুষ্ঠানে কমিশনের সকল মহাপরিচালক, পরিচালকসহ উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

দুর্নীতি দমন কমিশনের ৭টি বিভাগীয় কার্যালয়, ২২টি সমন্বিত জেলা কার্যালয়, উপজেলা/জেলা/নগর/মহানগর দুর্নীতি প্রতিরোধ কমিটি এবং সততা সংঘের সদস্যরা দেশের সকল উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস উপলক্ষ্যে র্যালি, মানববন্ধনসহ বিভিন্ন কর্মসূচি পালন করে।



০৯.১২.১৯
(প্রণব কুমার ভট্টাচার্য)

উপপরিচালক

ও

জনসংযোগ কর্মকর্তা

দুর্নীতি দমন কমিশন।